গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন"
সমবায়ের উন্নয়ন"

৩১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।

স্মারক নং ৪৭.০০.০০০০.০৪৬. ১৬.০১৮.২০.১০৮ তারিখ : ..................................

১৫ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভার কার্যবিবরণী, ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, নৈতিকতা কমিটির সভা, ফিডব্যাক সভার কার্যবিবরনী, ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১) অগ্রগতি প্রতিবেদন ০৬ (ছয়) পৃষ্ঠা ।
২) কার্যবিবরনী ০৬ (ছয়) পৃষ্ঠা ।

১৫|০৭|২০২১

(নাহ্‌রিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৫
e-mail: apa.rdcd@gmail.com

সচিব,
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

(দৃ:আ: নাহিদ সুলতানা)
সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা।
মন্ত্রিপরিষদ বিভাগ

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
<u>এপিএ শাখা</u>

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রেজাউল আহসান,<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ তারিখ ও সময় | : | ১২/০৭/২০২১ (সোমবার) সকাল ১১.০০ মি:। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম। |

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি বিষয়ক ফিডব্যাক জুমসভা ১২/০৭/২০২১ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ফারহানা হক, উপসচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**<u>আলোচনা :</u>**

জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ফারহানা হক, উপসচিব-এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনার ছক মোতাবেক ৪র্থ কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা সমূহের অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন।

পর্যালোচনান্তে এই বিভাগের সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিম্নলিখিত বিষয়ে নির্দেশনা প্রদান করা হয় :

| ক্র: নং | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। | কর্মপরিকল্পনার সকল সূচক অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং প্রতিটি সূচকের অর্জনের স্বপক্ষে প্রমানক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। |
| ০২। | সমবায় অধিদপ্তর | **২.৪ :** কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহনে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন কোভিড-১৯ এর প্রভাবে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি (লক্ষ্যমাত্রা-৩৫০ জন, অর্জন-২৫০ জন)।<br><br>**৩.১ :** সমবায় সমিতি আইন ও বিধিমালা বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যমান অডিট ম্যানুয়েল হালনাগাদ: লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।<br><br>**৩.২ :** জারীকৃত পরিপত্র সমূহ সংশোধন/পরিমার্জন/বাতিল: লক্ষ্যমাত্রা অর্জন হয়নি।<br><br>**৬.১ :** প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা: লক্ষ্যমাত্রা ছিল ৩০.০৯.২০ তারিখ কিন্তু কোন অর্জন উল্লেখ নেই।<br><br>**৬.২ :** প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ অনুমোদন: লক্ষ্যমাত্রা ছিল ০৪টি কিন্তু কোভিড-১৯ এর কারণে অর্জিত হয়েছে ০২টি।<br><br>**৬.৩ :** প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন: |

| | | |
|---|---|---|
| | | কোভিড ১৯ এর কারনে ১ম কোয়ার্টার এবং ৪র্থ কোয়ার্টারে অর্জন হয়নি।<br><br>**৮.২ :** শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন: কোভিড-১৯ এর কারনে ৪র্থ কোয়ার্টারে কোন অর্জন হয়নি। (লক্ষ্যমাত্রা ছিল ৬০টি, অর্জন হয়েছে ৪০টি।<br><br>**৮.৩ :** শাখা পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন: ৪র্থ কোয়ার্টারে অর্জন উল্লেখ নেই।<br><br>**৮.৪ :** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিন্যাসকরণ: ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রাও অর্জন থাকবে। প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রাও অর্জন হবে না।<br><br>**৮.৫ :** শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ: নথি বিনষ্টকরণের কোন অর্জন উল্লেখ নেই।<br><br>**৮.৬ :** প্রাতিষ্ঠানিক গণশুনানির আয়োজন: লক্ষ্যমাত্রা ১২টি ছিল। কোভিড ১৯-এর কারণে ০৯টি গণশুনানী অনুষ্ঠিত হয়েছে।<br><br>**৯.৩ :** সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন: কোভিড-১৯ এর কারনে ৪র্থ কোয়ার্টারে কোন অর্জন হয়নি (লক্ষ্যমাত্রা ৬০ অর্জন ৪০)।<br><br>**৯.৫ :** মানি লন্ডারিং আইন বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ: ৪র্থ কোয়ার্টারে কোন অর্জন হয়নি।<br><br>**১১.১ :** কর্ম পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরন/টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: ৪র্থ কোয়ার্টারে কোন অর্জন হয়নি (লক্ষ্যমাত্রা ০৪টি অর্জন ০৩টি)।<br><br>**১২.১ :** শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান: লক্ষ্যমাত্রা ছিল ৩ লক্ষ টাকা খরচ হয়েছে ১.০৩৪২ লক্ষ টাকা।<br><br>* সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৩। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | **৪.৩ :** স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ: প্রতি কোয়ার্টারে হালনাদাগ করতে হবে।<br><br>**৪.৫ :** স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ: ২য় ও ৪র্থ কোয়ার্টারের জন্য প্রযোজ্য।<br><br>**৮.১ :** স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন: প্রতি কোয়ার্টারে বাস্তবায়ন প্রতিবেদন থাকতে হবে।<br><br>**৮.৪ :** নথি শ্রেণীবিণ্যাস: ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও অর্জন থাকবে। প্রতি কোয়ার্টারে শ্রেণীবিণ্যাস হবে না।<br><br>**১২.১ :** শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান: লক্ষ্যমাত্রা ছিল ৩০ লক্ষ টাকা, খরচ হয়েছে ২৫ লক্ষ টাকা।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৪। | পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া | **২.৩ :** কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন: লক্ষ্যমাত্রা ২৫০ জন কিন্তু অর্জন দেখানো হয়েছে ২০০ জন। প্রতি কোয়ার্টারে ৫০ জন করে দেখানো হয়েছে। |

| | | |
|---|---|---|
| | | **২.৪ :** কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন: লক্ষ্যমাত্রা ২৫০ জন কিন্তু অর্জন দেখানো হয়েছে ২০০ জন। প্রতি কোয়ার্টারে ৫০ জন করে দেখানো হয়েছে।<br><br>**৪.৫ :** স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ: ২য় ও ৪র্থ কোয়ার্টারে অর্জন থাকবে, প্রতি কোয়ার্টারে থাকবে না।<br><br>**৮.৪ :** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীবিণ্যাস করণ: নথি শ্রেণীবিন্যাস প্রতি কোয়ার্টারে হবে না।<br><br>**৮.৫ :** শ্রেণীবিণ্যাসকৃত নথি বিনষ্টকরণ: অর্জন উল্লেখ নেই।<br><br>**৯.১ :** অভ্যন্তরীন অডিট: কোন অর্জন নেই।<br><br>**১০.১ :** শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ: ৩১/০৭/২০২০ দেখানো হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের পুরস্কার কি ৩১/০৭/২০২০ তারিখে দেয়া সম্ভব?<br><br>**১১.১ :** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি: লক্ষ্যমাত্রার ঘরে সংখ্যার ও তারিখ হবে। ২য় ও ৪র্থ কোয়ার্টারে সংখ্যা ও তারিখ হবে।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৫। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, (বার্ড) কুমিল্লা। | **২.২ :** অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন: ৪র্থ কোয়ার্টারে অনুষ্ঠিত অংশীজনের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন উল্লেখ করা হয়নি।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৬। | বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড)। | **৩.২ :** বাপার্ড কর্মকর্তা-কর্মচারী কল্যাণ নীতিমালা প্রণয়ন: অর্জন নেই।<br><br>**৪.২ :** স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ: প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও অর্জন থাকবে।<br><br>**৪.৪ :** স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ: প্রতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রাও অর্জন থাকবে।<br><br>**৭.২ :** ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন: চলমান কোভিড-১৯ এর কারণে কোন কার্যক্রম হয়নি।<br><br>**৮.১ :** স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদ ও বাস্তবায়ন: প্রতি কোয়ার্টারে অর্জন থাকবে।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |

| | | |
|---|---|---|
| ০৭। | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এস.এফ.ডি.এফ) | **৭.২ :** ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন: ই-টেন্ডারের মাধ্যমে লক্ষ্যমাত্রা বাস্তবায়িত হয়নি।<br><br>**৮.৪ :** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিণ্যাসকরণ: প্রতি কোয়ার্টারে শ্রেণীবিন্যাস হবে না।<br><br>**১২.১ :** শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান: লক্ষ্যমাত্রা ছিল ২.৫০ লক্ষ টাকা কিন্তু ব্যয় হয়েছে ১.৯২ লক্ষ টাকা।<br><br>* যে সকল সূচকে সাল লেখার প্রয়োজন সেগুলোতে কোন সাল লেখা হয়নি যেমন: ৩.১, ৪.১, ৪.২, ৪.৩, ৪.৪, ৪.৫, ৫.১, ১০.১, ১১.১, ১৩.১, ১৩.২ এবং ১৩.৩ এ গুলো সূচকে অবশ্যই সাল লিখতে হবে। |
| ০৮। | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পি.ডি.বি.এফ) | **৫.২ :** অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ: প্রতি কোয়ার্টারে অভিযোগ নিষ্পত্তি থাকতে হবে।<br><br>**৮.৪ :** সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাস: প্রতি কোয়ার্টারে নথি শ্রেণীবিন্যাস হবে না।<br><br>**১২.১ :** শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান:লক্ষ্যমাত্রা ছিল ৪.০০ লক্ষ টাকা। ব্যয় হয়েছে ২.০০ লক্ষ টাকা।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |
| ০৯। | মিল্কভিটা | **১.২ :** নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন: লক্ষ্যমাত্রা ছিল ১০০ প্রতি কোয়ার্টারে কিন্তু অর্জন প্রতি কোয়ার্টারে ৮০ দেখানো হয়েছে।<br><br>**৩.১ :** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর উপ আইন সংশোধন: লক্ষ্যমাত্রা ছিল ৩০/০৬/২০২১ কিন্তু অর্জিত হয়নি।<br><br>**৩.২ :** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর টেবিল অফ ইকুপমেন্ট (TOE) সংশোধন: লক্ষ্যমাত্রা ছিল ৩০/০৬/২০২১ কিন্তু অর্জিত হয়নি।<br><br>**৮.৪ :** নথি শ্রেণীবিন্যাস: ৩য় কোয়ার্টারে শ্রেণীবিন্যাস থাকা উচিৎ, প্রতি কোয়ার্টারে নয়।<br><br>**৯.২ :** মার্কেটিং ট্র্যাকিং সিস্টেম: ১ম ও ২য় কোয়ার্টারে কোন অর্জন নাই।<br><br>**৯.৩ :** মিল্ক রিসিভিং রেকর্ড কার্যক্রম এর জন্য সফটওয়্যার প্রস্তুত ও বাস্তবায়ন: লক্ষ্যমাত্রা ছিল ৩০/০৬/২০২১ কিন্তু অর্জিত হয়নি।<br><br>**৯.৪ :** ই-ফাইলিং কার্যক্রম সব বিভাগে চালুকরণ: লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।<br><br>**১১.১ :** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি): লক্ষ্যমাত্রার ঘরে সংখ্যা ও তারিখ হবে এবং প্রতি কোয়ার্টারে সংখ্যা ও তারিখ লিখতে হবে।<br><br>*সকল কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। |

০২। অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমানক ১৫/০৭/২০২১ তারিখে দাখিল করার নির্দেশনা প্রদান করা হলো।

০৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল আহসান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ